# 📖 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৫৯২

৬. সদাচারণ ও ন্যায়নিষ্ঠতা সংশ্লিষ্ট কিতাব (كِتَابُ الْبِرِّ وَالْإِحْسَانِ)

পরিচ্ছেদঃ এমন একটি জিনিসের আলোচনা যা কোন ব্যক্তি যদি মজলিস থেকে উঠার সময় বললে আর যদি মজলিসটি ভাল মজলিস হয়, তবে তা দিয়ে মহরাঙ্কিত করা হবে আর কোন অসার কথা-বার্তার মজলিস হলে তা তার জন্য কাফফারা হিসেবে গণ্য হবে

ذِكْرُ الشَّيْءِ الَّذِي إِذَا قَالَهُ الْمَرْءُ عِنْدَ الْقِيَامِ مِنْ مَجْلِسِهِ خُتِمَ لَهُ بِهِ إِذَا كَانَ مَجْلِسَ خَيْرٍ وَكَفَّارَةٌ لَهُ إِذَا كَانَ مجلس لغو

আরবী

أَخْبَرَنَا ابْنُ سَلْمٍ قَالَ: حَدَّثَنَا حَرْمَلَةُ بْنُ يَحْيَى قَالَ: حَدَّثَنَا ابْنُ وَهْبٍ قَالَ: أَخْبَرَنَا عَمْرُو بْنُ الْحَارِثِ أَنَّ سَعِيدَ بْنَ أَبِي هِلَالٍ حَدَّثَهُ أَنَّ سَعِيدَ بْنَ أَبِي سَعِيدٍ الْمَقْبُرِيَّ حَدَّثَهُ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ عَمْرٍو قَالَ: (كَلِمَاتٌ لَا يَتَكَلَّمُ بِهِنَّ أَحَدٌ فِي مَجْلِسِ لَغْوٍ أَوْ مَجْلِسِ بَاطِلٍ عِنْدَ قِيَامِهِ ـ ثَلَاثَ مَرَّاتٍ ـ إِلَّا كَفَّرَتْهُنَّ عَنْهُ وَلَا يقولهنَّ فِي مَجْلِسِ خَيْرٍ وَمَجْلِسِ ذِكْرٍ إِلَّا خُتِم لَهُ بِهِنَّ عَلَيْهِ كَمَا يُخْتَمُ بِالْخَاتَمِ عَلَى الصَّحِيفَةِ: سُبْحَانَكَ اللَّهُمَّ وَبِحَمْدِكَ لَا إِلَهَ إِلَّا أَنْتَ أَسْتَغْفِرُكَ وَأَتُوبُ إِلَيْكَ) قَالَ عَمْرٌو: حَدَّثَنِي بِنَحْوِ ذَلِكَ عَبْدُ الرَّحْمَنِ بْنُ أَبِي عَمْرٍو عَنِ الْمَقْبُرِيِّ عَنْ أَبِي هُرَيْرَةَ عَنْ رَسُولِ اللَّهِ صلى الله عليه وسلم.
الراوي : عَبْدِ اللَّهِ بْنِ عَمْرٍو | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان
الصفحة أو الرقم: 592 | خلاصة حكم المحدث: ضعيف.

বাংলা

৫৯২. আব্দুল্লাহ বিন আমর রাদ্বিয়াল্লাহু আনহুমা থেকে বর্ণিত, তিনি বলেন: "কিছু বাক্য আছে এমন যা কোন ব্যক্তি যদি অসার ও বাতিল বৈঠক থেকে উঠার সময় তিনবার বলে, তবে বাক্যগুলি তার জন্য কাফফারা হয়ে যাবে। আর কোন ব্যক্তি যদি তা কল্যাণকর ও যিকরের বৈঠক থেকে উঠার সময় বলে, তবে তার মাধ্যমে বৈঠক মোহরাঙ্কিত করা হবে, যেভাবে চিঠি মোহরাঙ্কিত করা হয়। বাক্যগুলি হলো: سُبْحَانَكَ اللَّهُمَّ وَبِحَمْدِكَ لَا إِلَهَ إِلَّا أَنْتَ أَسْتَغْفِرُكَ وَأَتُوبُ إِلَيْكَ (সুবহানাকাল্লাহুম্মা ওয়া বিহামদিকা লা ইলাহা ইল্লা আনতা আস্তাগফিরুকা ওয়া আতূবু

ইলাইকা) অর্থ: “হে আল্লাহ, তোমার প্রশংসার সাথে পবিত্রতা ঘোষনা করছি। তুমি ছাড়া প্রকৃত কোন মা‘বূদ নেই। তোমার কাছে ক্ষমা প্রার্থনা করছি এবং তোমার কাছে তাওবা করছি।”

আমর রহিমাহুল্লাহ বলেন, আমাদেরকে অনুরুপভাবে হাদীস বর্ণনা করেছেন আব্দুর রহমান বিন আমর, তিনি মাকবূরী থেকে, তিনি আবু হুরাইরা রাদ্বিয়াল্লাহু আনহু থেকে তিনি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম থেকে হাদীস বর্ণনা করেছেন।”[1]

## ফুটনোট

[1] আবু দাউদ: ৪৮৫৭।

আল্লামা শু‘আইব আল আরনাঊত রহিমাহুল্লাহ হাদীসটিকে মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী হাদীসটিকে য‘ঈফ বলেছেন। (আল মাওয়ারিদ: ২৩৬৭।)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আমর ইবনুল আস (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=89059

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন